

## বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট

শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সরকারের বর্তমান মেয়াদে বিগত দু' বছরের (জানুয়ারি ২০১৩ হতে অদ্যাবধি) বিটিআরআই এর গুরুত্বপূর্ণ অর্জনের সংক্ষিপ্ত বিবরণী নিম্নে পেশ করা হলোঃ

- ✓ অধিক উৎপাদনশীল, গুনগতমানসম্পন্ন ও খরা সহিষ্ণু বৈশিষ্ট্য বিটি ১৮ ক্লোন অবমুক্তি এবং উক্ত ক্লোনের ২,১২২ টি ক্লোন চারা ইতোমধ্যে চা বাগানে বিতরণ করা হয়েছে।
- ✓ ইনস্টিটিউটের বিভিন্ন বিভাগের মোট ৪৮ টি সমন্বয়যোগ্য গবেষণা কার্যক্রম হাতে নেয়া হয়েছে এবং গবেষণাগার ও মাঠ পর্যায়ে নিয়মিত উপাত্ত সংগ্রহ করা হচ্ছে।
- ✓ উপাত্ত সংগ্রহের নিমিত্তে বিভিন্ন চা বাগানে ৩৫১টি পরীক্ষণমূলক ও উপদেশমূলক ভ্রমণ করে সরেজমিনে উপদেশ প্রদান করা হয়েছে।
- ✓ চা বাগানে উদ্ভূত সমস্যা নিরসনে ৩৫৯ টি পত্র চা বাগানে প্রেরণ করে সমস্যা সমাধান করা হয়েছে।
- ✓ চা বাগানে মৃত্তিকার উন্নয়ন, প্লাকিং, প্লুনিং, টিপিং, পোকামাকড় ও রোগবালাই নিয়ন্ত্রণ, নার্সারী ব্যবস্থাপনা ও চা প্রক্রিয়াজাতকরণের উপর ৪৭টি কর্মশালা ও বিভিন্ন ভ্যালীতে ৯টি চা আশ্বাদনী সেশন করা হয়েছে।
- ✓ বিষয়ভিত্তিক ৩টি বৈজ্ঞানিক সার্কুলার প্রকাশ করে তা বাগানসমূহে প্রেরণ করা হয়েছে।
- ✓ গবেষণালব্ধ ফলাফল দিয়ে ৬টি গবেষণা প্রবন্ধ দেশি ও বিদেশি জার্নালে প্রকাশিত হয়েছে।
- ✓ বিভিন্ন চা বাগানের ১৩,৩৪৭টি মাটির নমুনার খাদ্যোপাদান এবং ১৮৮টি মাটির নমুনার কৃমিপোকাকার সন্ধিক্ষণ মাত্রা এনালাইসিস করে বাগানে রিপোর্ট প্রেরণ করা হয়েছে।
- ✓ চা বাগান হতে প্রাপ্ত ২৩৯টি সারের নমুনা এনালাইসিস করে রিপোর্ট করা হয়েছে।
- ✓ কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্ভিদ সংরক্ষণ উইং হতে প্রাপ্ত বিভিন্ন কোম্পানীর বিভিন্ন গুপের ৩৪৪টি বালাইনাশক (কীটনাশক, ছত্রাকনাশক, আগাছানাশক) মাঠ পর্যায়ে পরীক্ষা করে রিপোর্ট প্রদান করা হয়েছে।
- ✓ বিটিআরআই প্রধান কেন্দ্র ও উপকেন্দ্র হতে মোট ৭০,৮০,৫৫০টি ফ্রেশ কাটিং, ১,১৯,৮৭৫টি শিকড়যুক্ত চারা, ৬৩০ কেজি বাইক্লোনাল বীজ বিভিন্ন চা বাগানে সরবরাহ করা হয়েছে।
- ✓ বিভিন্ন চা বাগানের ব্যবস্থাপক, সহকারী ব্যবস্থাপকদের জন্য বিটিআরআই প্রধান কেন্দ্রে বৃহত্তর সিলেট অঞ্চলের জন্য চা আবাদীর উপর সপ্তাহব্যাপি দু' বছরে ২টি বার্ষিক প্রশিক্ষণ কোর্স এর আয়োজন করা হয়েছে। এতে ৮৬ জন প্রশিক্ষণার্থী উক্ত কোর্সে দু'টিতে অংশগ্রহণ করে। এছাড়াও বৃহত্তর চট্টগ্রাম ও পঞ্চগড় এলাকার জন্য দুই দিনব্যাপি ২টি বার্ষিক প্রশিক্ষণ কোর্স এর আয়োজন করা হয়েছে। এতে যথাক্রমে ৫০ জন ও ৮৭ জন প্রশিক্ষণার্থী উক্ত কোর্সে অংশগ্রহণ করে।
- ✓ গবেষণা উপ-কমিটির ৬৮ ও ৬৯ তম সভা যথাক্রমে ২০১৩ ও ২০১৪ সালে অনুষ্ঠিত হয়। এতে ২০১২ ও ২০১৩ সালের গবেষণা কার্যক্রমসমূহের পর্যালোচনা করা হয় ও ২০১৪ সালের নতুন গবেষণা কার্যক্রম অনুমোদন হয়।